

# উপদেষ্টা বললেন সকাল-বিকেল, বোর্ডের বিজ্ঞপ্তিতে পৃথক দিনে

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি/কালের কণ্ঠ

আজ দুপুরেই শিক্ষা উপদেষ্টা জানিয়েছিলেন, স্থগিত দুটি পরীক্ষা (২২ ও ২৪ জুলাই) পরবর্তীতে একই দিনে অনুষ্ঠিত হবে। তবে কবে হবে, সেটি তাৎক্ষণিক তিনি জানাননি।

এদিকে বিকেলে চলমান এইচএসসির স্থগিত পরীক্ষাগুলোর পরিবর্তিত সময়সূচি প্রকাশ করেছে আন্ত শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। এতে স্থগিত প্রতিদিনের পরীক্ষা পৃথক আরেকটি দিনে নেওয়ার সূচি নির্ধারণ করা হয়েছে।

পরিবর্তিত সূচি অনুযায়ী, ২২ জুলাইয়ের পরীক্ষা ১৭ আগস্ট এবং ২৪ জুলাইয়ের পরীক্ষা ১৯ আগস্ট নেওয়া হবে।

আন্ত শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক ও ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন

হায়দারের সহী করা বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের ২২ জুলাইয়ের স্থগিত পরীক্ষা নেওয়া হবে ১৭ আগস্ট সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত। অন্যদিকে ২৪ জুলাইয়ের স্থগিত পরীক্ষা নেওয়া হবে ১৯ আগস্ট সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত। এ ছাড়া শুধুমাত্র কুমিল্লা বোর্ডের স্থগিত ১০ জুলাইয়ের পরীক্ষা নেওয়া হবে ১২ আগস্ট সকাল ১০টা থেকে দুপুর ১টায়।

আর ঢাকা বোর্ডের অধীনে শুধু গোপালগঞ্জ জেলার ১৭ জুলাইয়ের পরীক্ষা নেওয়া হবে ১৫ আগস্ট। তবে এই দিনের পরীক্ষা দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

গত ২২ জুলাই রসায়ন (তত্ত্বীয়) দ্বিতীয় পত্র, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র (মানবিক শাখা), ইতিহাস দ্বিতীয় পত্র, গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন দ্বিতীয় পত্র এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন দ্বিতীয় পত্রের পরীক্ষা ছিল। আর ২৪ জুলাই অর্থনীতি প্রথম পত্র এবং প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

মাদরাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়, ২২ জুলাইয়ের পরীক্ষা ১৭ আগস্ট ও ২৪ জুলাইয়ের পরীক্ষা ১৯ আগস্ট অনুষ্ঠিত হবে। আর ১০ জুলাইয়ের স্থগিত পরীক্ষা ১৪ আগস্ট নেওয়া হবে। শুধু গোপালগঞ্জ জেলার ১৫ জুলাইয়ের পরীক্ষা ১৩ আগস্ট নেওয়া হবে। সব পরীক্ষাই সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

কারিগরি শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২২ জুলাইয়ের স্থগিত পরীক্ষা ৩ আগস্ট ও ২৪ জুলাইয়ের পরীক্ষা ৬ আগস্ট নেওয়া হবে।

আর ১০ জুলাইয়ের পরীক্ষা ৩০ জুলাই এবং গোপালগঞ্জ জেলার ১৭ জুলাইয়ের পরীক্ষা ১৪ আগস্ট নেওয়া হবে। তবে দ্বাদশ শ্রেণির পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১টা ও একাদশ শ্রেণির পরীক্ষা দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

অথচ আজ বুধবার দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরার (সি আর আবরার) বলেছিলেন, ‘২২ ও ২৪ জুলাইয়ের পরীক্ষা কবে নেওয়া হবে, বিজ্ঞপ্তির মাধ্যমে তা জানিয়ে দেব। তবে ২২ জুলাইয়ের পরীক্ষা সকালে এবং ২৪ জুলাইয়ের পরীক্ষা একই দিন বিকেলে নেওয়া হবে।’